আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহি রহমানির রহীম

আজকের আলোচনার বিষয়: الْحَمْدُ لِلَّهِ অর্থ সমস্ত প্রশংসা আল্লাহর। **All Praise is due to Allah.**

**পবিত্র কোরআন আয়াত সমূহ:**

الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَٰلَمِينَ

১. সমস্ত প্রশংসা শুধুমাত্র আল্লাহর, যিনি রাব্বুল আলামীন (সেই সৃষ্টি জগতের প্রভু)। (১:২)

الْحَمْدُ لِلَّهِ الَّذِى خَلَقَ السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَجَعَلَ الظُّلُمَاتِ وَالنُّورَ

২. সমস্ত প্রশংসা আল্লাহর যিনি সৃষ্টি করেছেন মহাকাশ এবং এই পৃথিবী যিনি তৈরী করেছেন অন্ধকাররাশি আর আলো। (৬:১)

فَقُطِعَ دَابِرُ الْقَوْمِ الَّذِينَ ظَلَمُوا۟ وَالْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَٰلَمِينَ

৩. অতঃপর জালেম সম্প্রদায়কে শিকড় কেটে দেয়া হয়েছিল। মূলত সব প্রশংসা আল্লাহ রাব্বুল আলামিনের। (৬:৪৫)

وَقَالُوا۟ الْحَمْدُ لِلَّهِ الَّذِى هَدَىٰنَا لِهَٰذَا

৪. তারা বলবে: সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি আমাদের এই জান্নাতের পথ দেখিয়েছেন। (৭:৪৩)

الْحَمْدُ لِلَّهِ الَّذِى وَهَبَ لِى عَلَى الْكِبَرِ إِسْمَٰعِيلَ وَإِسْحَٰقَ

৫. (ইব্রাহিম বলেছিলেন) সমস্ত প্রশংসা শোকরিয়া আল্লাহর যিনি বৃদ্ধ বয়সে আমাকে (পুত্র) ইসমাইল এবং ইসহাককে দান করেছেন। (১৪:৩৯)

الْحَمْدُ لِلَّهِ

৬. সমস্ত প্রশংসা আল্লাহর। (১৬:৭৫)

[তুলনামূলক উপমা দিচ্ছেন, এক দাস যে কোনো কিছুর উপর সামর্থ রাখে না। অন্য এক ব্যক্তি যাকে তিনি নিজ থেকে উত্তম রিযিক দিয়েছেন এবং সে তা থেকে আল্লাহর পথে দান করে গোপনে ও প্রকাশ্যে। এই দুই ব্যাক্তি কি সমতুল্য তারপর বলছেন, সমস্ত প্রশংসা আল্লাহর]

**Click here** http://www.morningbrightness.fi/

وَقُلِ الْحَمْدُ لِلَّهِ الَّذِى لَمْ يَتَّخِذْ وَلَدًا وَلَمْ يَكُن لَّهُ شَرِيكٌ فِى الْمُلْكِ وَلَمْ يَكُن لَّهُ وَلِىٌّ مِّنَ الذُّلِّ وَكَبِّرْهُ تَكْبِيرًا

৭. আর বলো, সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি সন্তান গ্রহণ করেন না। তার কর্তৃত্বে কেউ অংশীদার নেই তার শ্রেষ্ঠত্ব ও মহানত্ব ঘোষণা করো (আল্লাহু আকবর)। (১৭:১১১)

الْحَمْدُ لِلَّهِ الَّذِى أَنزَلَ عَلَىٰ عَبْدِهِ الْكِتَـٰبَ وَلَمْ يَجْعَل لَّهُ عِوَجَا

৮. সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি তার দাসের উপর আল কিতাব (আল কুরআন) নাজিল করেছেন এবং তাতে কোনো প্রকার বক্রতা-জটিলতা রাখেন নি। (১৮:১)

وَلَقَدْ ءَاتَيْنَا دَاوُدَ وَسُلَيْمَانَ عِلْمًا وَقَالَا الْحَمْدُ لِلَّهِ الَّذِى فَضَّلَنَا عَلَىٰ كَثِيرٍ مِّنْ عِبَادِهِ الْمُؤْمِنِينَ

৯. আমরা দাউদ ও সুলাইমানকে দিয়েছিলাম বিশেষ এলেম। তারা বলেছিল, আলহামদুলিল্লাহ সমস্ত প্রশংসা আল্লাহর, যিনি আমাদের মর্যাদা দিয়েছেন তার বহু মুমিন বান্দার উপর। (২৭:১৫)

قُلِ الْحَمْدُ لِلَّهِ وَسَلَـٰمٌ عَلَىٰ عِبَادِهِ الَّذِينَ اصْطَفَىٰ

১০. বলো সমস্ত প্রশংসা আল্লাহর, আর তার মনোনীত বান্দাদের প্রতি সালাম। (২৭:৫৯)

وَقُلِ الْحَمْدُ لِلَّهِ سَيُرِيكُمْ ءَايَاتِهِ فَتَعْرِفُونَهَا

১১. বলো: আলহামদুলিল্লাহ সমস্ত প্রশংসা আল্লাহর। তিনি শীঘ্রই তোমাদের দেখবেন তার নিদর্শন. তখন তোমরা তা বুঝতে পারবে। (২৭:৯৩)

قُلِ الْحَمْدُ لِلَّهِ

১২. বলো: আলহামদুলিল্লাহ, সমস্ত প্রশংসা আল্লাহর। (২৯:৬৩)

[তুমি যদি তাদের জিজ্ঞেস করো, কে নাজিল করেন আসমান থেকে পানি, তারপর তা দিয়ে জীবিত করেন জমিনকে তা মরে যাবার পর? অবশ্যই তারা বলবে "আল্লাহ"। বলো আলহামদুলিল্লাহ]

قُلِ الْحَمْدُ لِلَّهِ

১৩. বলো আলহামদুলিল্লাহ। (৩১:২৫)

[তুমি যদি তাদের জিজ্ঞেস করো, মহাকাশ ও পৃথিবী কে সৃষ্টি করেছেন? জবাবে তারা অবশ্যই বলবে: "আল্লাহ"। বলো আলহামদুলিল্লাহ]

الْحَمْدُ لِلَّهِ الَّذِى لَهُ مَا فِى السَّمَاوَاتِ وَمَا فِى الْأَرْضِ وَلَهُ الْحَمْدُ فِى الْاخِرَةِ وَهُوَ الْحَكِيمُ الْخَبِيرُ

১৪. সব প্রশংসা আল্লাহর, যিনি আকাশমন্ডলী ও পৃথিবীতে যা কিছু আছে সব কিছুরই মালিক এবং আখিরাতেও প্রশংসা তাঁরই। তিনি প্রজ্ঞাময়, সর্ব বিষয়ে অবহিত। (৩৪:১)

الْحَمْدُ لِلَّهِ فَاطِرِ السَّمَاوَاتِ وَالْأَرْضِ جَاعِلِ الْمَلَائِكَةِ رُسُلًا أُوْلِىَ أَجْنِحَةٍ مَّثْنَىٰ وَثُلَٰثَ وَرُبَٰعَ يَزِيدُ فِى الْخَلْقِ مَا يَشَاءُ إِنَّ اللَّهَ عَلَىٰ كُلِّ شَىْءٍ قَدِيرٌ

১৫. সমস্ত প্রশংসা আকাশমন্ডলী ও পৃথিবীর সৃষ্টিকর্তা আল্লাহরই যিনি বাণীবাহক নিয়োগ করেন মালাইকা/ফেরেশতাদেরকে যারা দুই দুই, তিন তিন অথবা চার চার পাখা বিশিষ্ট। তিনি তাঁর সৃষ্টিতে যা ইচ্ছা সৃষ্টি করেন। আল্লাহ সর্ব বিষয়ে সর্ব শক্তিমান। (৩৫:১)

وَقَالُواْ الْحَمْدُ لِلَّهِ الَّذِى أَذْهَبَ عَنَّا الْحَزَنَ إِنَّ رَبَّنَا لَغَفُورٌ شَكُورٌ

১৬. এবং তারা বলবেঃ প্রশংসা আল্লাহর যিনি আমাদের দুঃখ দুর্দশা দূরীভূত করেছেন! আমাদের রাববতো ক্ষমাশীল, গুণগ্রাহী। (৩৫:৩৪)

وَالْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَلَمِينَ

১৭. আর সকল প্রশংসা  জগতসমূহের রব আল্লাহর জন্য। (৩৭:১৮২)

ضَرَبَ اللَّهُ مَثَلًا رَّجُلًا فِيهِ شُرَكَاءُ مُتَشَاكِسُونَ وَرَجُلًا سَلَمًا لِّرَجُلٍ هَلْ يَسْتَوِيَانِ مَثَلًا الْحَمْدُ لِلَّهِ بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُونَ

১৮. আল্লাহ একটি দৃষ্টান্ত পেশ করছেনঃ এক ব্যক্তির মালিক অনেক যারা পরস্পর বিরুদ্ধ ভাবাপন্ন এবং এক ব্যক্তির মালিক শুধু একজন; এই দুইয়ের অবস্থা কি সমান? সমস্ত প্রশংসা আল্লাহরই প্রাপ্য; কিন্তু তাদের অধিকাংশই এটা জানেনা। (৩৯:২৯)

وَقَالُواْ الْحَمْدُ لِلَّهِ الَّذِى صَدَقَنَا وَعْدَهُ وَأَوْرَثَنَا الْأَرْضَ نَتَبَوَّأُ مِنَ الْجَنَّةِ حَيْثُ نَشَاءُ فَنِعْمَ أَجْرُ الْعَمِلِينَ

১৯. আর তারা প্রবেশ করে বলবেঃ সমস্ত প্রশংসা আল্লাহর যিনি আমাদের প্রতি তাঁর প্রতিশ্রুতি পূর্ণ করেছেন এবং আমাদের অধিকারী করেছেন এই ভূমির; আমরা জান্নাতে যেখানে ইচ্ছা বসবাস করব। সদাচারীদের পুরস্কার কত উত্তম! (৩৯:৭৪)

وَتَرَى الْمَلَائِكَةَ حَافِّينَ مِنْ حَوْلِ الْعَرْشِ يُسَبِّحُونَ بِحَمْدِ رَبِّهِمْ وَقُضِيَ بَيْنَهُم بِالْحَقِّ وَقِيلَ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ

**২০. এবং তুমি মালাইকা/ফেরেশতাদেরকে দেখতে পাবে যে, তারা আরশের চতুস্পার্শ্বে ঘিরে তাদের রবের সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা করছে। আর তাদের বিচার করা হবে ন্যায়ের সাথে। বলা হবে সমস্ত প্রশংসা জগতসমূহের রাব্ব আল্লাহর প্রাপ্য। (৩৯:৭৫)**

هُوَ الْحَيُّ لَا إِلَٰهَ إِلَّا هُوَ فَادْعُوهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ

**২১. তিনি চিরঞ্জীব, তিনি ব্যতীত কোন মা'বূদ নেই। সুতরাং তোমরা তাঁকেই ডাক, তাঁর আনুগত্যে একনিষ্ঠ হয়ে। সমস্ত প্রশংসা জগতসমূহের রাব্ব আল্লাহর প্রাপ্য। (৪০:৬৫)**

فَإِذَا اسْتَوَيْتَ أَنتَ وَمَن مَّعَكَ عَلَى الْفُلْكِ فَقُلِ الْحَمْدُ لِلَّهِ الَّذِي نَجَّانَا مِنَ الْقَوْمِ الظَّالِمِينَ

**২২. যখন তুমি (নূহ) ও তোমার সঙ্গীরা নৌযানে আরোহণ করবে তখন বলঃ সমস্ত প্রশংসা ঐ আল্লাহরই যিনি আমাদের উদ্ধার করেছেন যালিম সম্প্রদায় হতে। (২৩:২৮)**

প্রিয় ভাই ও বোনেরা, আসুন আমরা আল্লাহর কাছে দোয়া করি তিনি আমাদেরকে মনের অন্তঃস্থল থেকে আলহামদুলিল্লাহ বলার তৌফিক দান করুন। সদা সর্বদা আমরা যেন আল্লাহর প্রশংসা করতে পারি। "সুবাহানাল্লাহ ৩৩ বার, আলহামদুলিল্লাহ ৩৩ বার এবং আল্লাহু আকবার ৩৩ বার এবং শেষে

لاَ اِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ , لاَ شَرِيْكَ لَهُ , وَلَهُ اَلْمُلْكُ , وَلَهُ الْحَمْدُ , وَهُوَ عَلَى كُلِّ شَيءٍ قَدِيْرٌ

**আল্লাহ ছাড়া কোনো ইলাহ (উপাস্য) নেই, তিনি একক অদ্বিতীয়, তার কোনো শরিক নেই, বিশ্ব জগতের মালিকানা তারই, সমস্ত প্রশংসা তার, তিনি সব কিছুর উপর ক্ষমাশীল।**

প্রতি সালাতের পর এই দোয়া পড়লে সমুদ্রের ফেনা পরিমান গুনাহ মাফ করে দেবেন মহান আল্লাহ রাব্বুল আলামীন।" (হাদিস মুসলিম বুক ১৬, হাদিস নং ১২)

**আমীন**

**আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু**

**Click here http://www.morningbrightness.fi/**